



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

BANGLADESH OPEN UNIVERSITY

গাজীপুর-১৭০৫

স্টুডেন্ট সাপোর্ট সার্ভিসেস বিভাগ

ফোন-৯২৯১১১৩

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

স্মারক/এসএসএস/বিবিএ/জনা./১৪/০৬/১১০

তারিখ: ২১/০১/২০২০

আঞ্চলিক পরিচালক (সকল)

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

আঞ্চলিক কেন্দ্র : ঢাকা/ ময়মনসিংহ/ রাজশাহী/ চট্টগ্রাম/ খুলনা/ বরিশাল/
রংপুর/ যশোর/ বগুড়া/ কুমিল্লা/ সিলেট/ ফরিদপুর।

একই তারিখ ও স্মারকে হুলাভিষিক

বিষয় : বাউবি'র BBA প্রোগ্রামের শিক্ষার্থীদের Viva-Voce দুই স্তরে ৪র্থ লেভেল এবং ৮ম লেভেলে বিভাজন এবং Commonwealth Executive MBA/MPA ও MBA প্রোগ্রামের Class Performance and Attendance-এর পরিবর্তে অতিরিক্ত একটি Assignment জমা প্রসঙ্গে।

সূত্র-১ঃ বাউবি/এসওবি/২০১৯/১০৬০৬; তারিখঃ ১২/১১/২০১৯।

সূত্র-২ঃ বাউবি/এসওবি/২০১৯/১০৬০৬; তারিখঃ ০২/১২/২০১৯।

মহোদয়,


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্কুল কমিটির ০১/১২/২০১৯ তারিখে অনুষ্ঠিত ২৪৩তম সাধারণ সভার সুপারিশ ও কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বাউবি'র BBA প্রোগ্রামের শিক্ষার্থীদের Viva-Voce দুই স্তরে ৪র্থ লেভেল এবং ৮ম লেভেলে (৫০+৫০)=১০০ নম্বরে বিভাজন করা হয়েছে এবং Commonwealth Executive MBA/MPA ও MBA প্রোগ্রামের Class Performance and Attendance (CP&A)-এর পরিবর্তে অতিরিক্ত একটি Assignment জমাদানের বিষয়ে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

ক. ১৬১ ব্যাচ ও ১৭১ ব্যাচ থেকে BBA প্রোগ্রামের শিক্ষার্থীদের Viva-Voce দুই স্তরে ৪র্থ লেভেল এবং ৮ম লেভেল (৫০ +৫০) = ১০০ নম্বরে অনুষ্ঠিত হবে। এ ক্ষেত্রে শিক্ষার্থীদের Viva-Voce পরীক্ষার মোট কোর্স ফি (কোর্স কোড BBA 8351 এর বিপরীতে) একসাথে ৮ম লেভেলের পরিবর্তে ৪র্থ লেভেলের রেজিস্ট্রেশনের সময় জমা নিতে হবে। উল্লেখ্য যে ১৬১ ও ১৭১ ব্যাচের শিক্ষার্থীদের Viva-Voce (৮ম লেভেল কোর্স কোড BBA 8351) কোর্সের ফি বিশেষ বিবেচনায় জমা নেওয়া যাবে।

BBA প্রোগ্রামের প্রতিটি মৌখিক পরীক্ষার নম্বর পৃথকভাবে পরীক্ষা বিভাগ Software-এ অন্তর্ভুক্ত করবে এবং প্রতি স্তরে শিক্ষার্থীদের পাশ নম্বর ২০। যদি কোন শিক্ষার্থী কোন স্তরে মৌখিক পরীক্ষায় অকৃতকার্য হয় তাহলে শিক্ষার্থীকে পুনরায় পরবর্তী সেমিস্টার (মৌখিক পরীক্ষায়) অংশগ্রহণ করতে হবে। এ বিষয়ে পরীক্ষা বিভাগের Software-এ প্রয়োজনীয় কারিগরি সুযোগ-সুবিধা সংযোজন করার জন্য করা হলো।

খ. স্কুল অব বিজনেস পরিচালিত MBA এবং Commonwealth Executive MBA/MPA প্রোগ্রামের যে সকল স্টাডি সেন্টারে নীতিমালা অনুযায়ী (সেমিস্টার ভিত্তিক) কোন কোর্সে নির্ধারিত শিক্ষার্থীর চাইতে কম শিক্ষার্থী রেজিস্ট্রেশন করলে সে সকল স্টাডি সেন্টারে টিউটর নিয়োগ দেয়া না গেলে প্রোগ্রাম চলমান থাকা পর্যন্ত সমন্বয়কারীর নিয়োগ চলমান থাকবে এবং তিনি শিক্ষার্থীদের একাডেমিক সহায়তা প্রদান করবেন।

MBA এবং Commonwealth Executive MBA/MPA প্রোগ্রামের কোন স্টাডি সেন্টারে এক বা একাধিক কোর্সে টিউটর নিয়োগ দেয়া সম্ভব না হলে অথবা চাকুরীর বদলীজনিত কারণে শিক্ষার্থী অন্যত্র অবস্থান করতে বাধ্য হলে অথবা বিদেশে মিশনে সাময়িকভাবে অবস্থান করলে, সে সমস্ত শিক্ষার্থীরা Class Performance and Attendance (CP & A)-এর পরিবর্তে অতিরিক্ত একটি Assignment জমা দিবেন এবং অতিরিক্ত Assignment স্কুল অব বিজনেস-এর সংশ্লিষ্ট কোর্সের শিক্ষক তৈরি করবেন এবং স্টাডি সেন্টারে প্রেরণ করবেন। এ ক্ষেত্রে শিক্ষার্থীকে যথাসময়ে স্কুলের ডিনের অনুমতি নিতে হবে। এ বিষয়টি ঢাকা আঞ্চলিক কেন্দ্রের সংশ্লিষ্ট প্রোগ্রামের প্রোগ্রাম সমন্বয়কারী সমন্বয় করবেন।





বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

BANGLADESH OPEN UNIVERSITY

গাজীপুর-১৭০৫

স্টুডেন্ট সাপোর্ট সার্ভিসেস বিভাগ

ফোন-৯২৯১১১৩


"শিক্ষা নিয়ে গড়ব দেশ"
শেখ হাসিনার বাংলাদেশ"

বাউবি, এসএসএস/বিবিএ/জেনা./১৪/০৬/১১০ (১)

তারিখ: ২২/০১/২০২০

এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হল

কর্তৃপক্ষের নির্দেশক্রমে,


(ড. আনিস রহমান) ২২/১/২০২০

পরিচালক

এসএসএস বিভাগ, বাউবি।

অবগতি ও কার্যার্থে বিতরণঃ

১. রেজিস্ট্রার, বাউবি (একাডেমিক কাউন্সিলে রিপোর্ট করার জন্য অনুরোধ করা হলো)।
২. ডিন, স্কুল অব বিজনেস, বাউবি (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৩. পরীক্ষা নিয়ন্ত্রক, বাউবি (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৪. সিস্টেম ম্যানেজার/পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি (ওয়েবসাইটে প্রচার ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৫. পরিচালক (এসএসএস) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, অডিট সেল, উপাচার্যের দপ্তর, বাউবি।
৬. প্রোগ্রাম অফিসার, এসএসএস বিভাগ, বাউবি (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৭. একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. উপ-পরিচালক, প্রো-উপাচার্যের দপ্তর, বাউবি (প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯. সংরক্ষণ নথি।

